

🗏 वान-মা'আরিজ | Al-Ma'arij | ٱلْمَعَارِج

আয়াতঃ ৭০: ৩৪

আরবি মূল আয়াত:

وَ الَّذِينَ هُم عَلَى صَلَاتِهِم يُحَافِظُونَ ﴿ ٣٢﴾

🗚 অনুবাদসমূহ:

আর যারা নিজদের সালাতের হিফাযত করে, — আল-বায়ান

যারা তাদের নামাযে যত্নবান, — তাইসিরুল

এবং নিজেদের সালাতে যত্নবান – মুজিবুর রহমান

And those who [carefully] maintain their prayer: — Sahih International

৩৪. আর যারা তাদের সালাতের হিফাযত করে—(১)

(১) এ থেকে সালাতের গুরুত্ব বুঝা যায়। যে ধরনের উন্নত চরিত্র ও মহৎ কর্মশীল লোক জান্নাতের উপযুক্ত তাদের গুণাবলী উল্লেখ করতে গিয়ে সালাত দিয়ে গুরু করা হয়েছে এবং সালাত দিয়েই শেষ করা হয়েছে। [ইবন কাসীর] তাদের প্রথম গুণ হলো, তারা হবে সালাত আদায়কারী। দ্বিতীয় গুণ হলো তারা হবে সালাতের প্রতি নিষ্ঠাবান এবং সর্বশেষ গুণ হলো, তারা সালাতের হিফাযত করবে। সালাতের হিফাযতের অর্থ অনেক কিছু। যথা সময়ে সালাত পড়া, দেহ ও পোশাক-পরিচ্ছন্দ পাক-পবিত্র আছে কিনা সালাতের পূর্বেই সে ব্যাপারে নিশ্চিত হওয়া, অযু থাকা এবং অযু করার সময় অঙ্গ-প্রত্যঙ্গগুলো ভালভাবে ধোয়া, সালাতের ফরয, ওয়াজিব ও মুস্তাহাবগুলো ঠিকমত সালাতেক ধ্বংস না করা, এসব বিষয়ও সালাতের হিফাযতের অন্তর্ভুক্ত। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৩৪) এবং নিজেদের নামাযে যত্নবান--

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5409

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন